

চিরদিন কাহারো সমান নাহি যায়।
আজিকে যে রাজাধিরাজ কাল সে ভিক্ষা চায় ॥
অবতার শ্রীরামচন্দ্র যে জানকীর পতি
তারো হল বনবাস রাবন করে দুর্গতি।
আগুনেও পুড়িল না ললাটের লেখা হয় ॥
স্বামী পঞ্চ পান্ডব, সখা কৃষ্ণজ ভগবান,
দুঃশাসন করে তবু দ্রৌপদীর অপমান।
পুত্র তার হল হত যদুপতি যার সহায় ॥
মহারাজ শ্রীহরিশ্চন্দ্র রাজ্যদান করে শেষ
শ্বশান-রক্ষী হয়ে লভিল চন্ডাল বেশ।
বিপ্নজুবুকে চরণ-ছি ললাট-লেখা কে খন্ডায় ॥